

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮২০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সুদ

আরবী

وَعَنْ سَعْدِ بْنِ أَبِي وَقَاصٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سُئِلَ عَنْ شِرَاءِ التَّمْرِ بِالرُّطَبِ فَقَالَ: نَعَمْ فَنَهَاهُ عَنْ ذَلِكَ. رَوَاهُ مَالِكٌ وَالتَّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَه

বাংলা

২৮২০-[১৪] সা'দ ইবনু আবৃ ওয়াক্কাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম-কে পাকা তাজা খেজুরের বিনিময়ে শুকনা খুরমা ক্রয়ের ব্যাপারে জিজ্ঞেস করতে (নিজ কানে) শুনেছি। জবাবে তিনি (সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, পাকা তাজা খেজুর শুকালে ওয়নে কি কমে? প্রশ্নকারী বললেন, হ্যাঁ! তখন নবী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম পাকা তাজা খেজুরের বিনিময়ে খুরমা ক্রয় করতে নিষেধ করলেন। (মালিক, তিরমিয়ী, আবৃ দাউদ, নাসায়ী, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ৩৩৫৯, নাসায়ী ৪৫৪৫, তিরমিয়ী ১২২৫, ইবনু মাজাহ ২২৬৪, ইরওয়া ১৩৫২, মালিক ১৩৫৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَينْقُصُ الرُّطَبُ إِذَا يَبِسَ؟) "ভেজা দ্রব্য শুকাইলে পরিমাণে কম হয় কি?" যেহেতু ভেজা দ্রব্য শুকাইলে ওযনে বা পরিমাণে কমে যায় তাই বেচা-কেনার সময় তা ওযনে বা পরিমাণে সমান সমান হলেও প্রকৃতপক্ষে তা সমান সমান নয়।

(فَنَهَاهُ عَنْ ذَٰلِك) "তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাকে তা করতে নিষেধ করলেন" অর্থাৎ শুকানোর বিনিময়ে ভেজা দ্রব্যের বেচা-কেনা করতে নিষেধ করলেন। যেহেতু ভেজা দ্রব্য শুকিয়ে কমে যায়, ফলে তা সমান



সমান হয় না, তাই এ ধরনের বেচা-কেনা বৈধ নয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবৃ ওয়াক্কাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন